

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁ।
publiclibrary.naogaon.gov.bd

স্মারক নং-জেসগপ্র/নও/২০১৮/৪৩/

তারিখ:-০১-০৪-২০১৮ খ্রিঃ।

প্রাপকঃ-

বিষয়:- বাংলা নববর্ষ ১৪২৫ উপলক্ষে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতা

বাংলা নববর্ষ ১৪২৫ উদযাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন নওগাঁ জেলা সরকারী গণগ্রন্থাগারে নিম্নোক্ত গুপে রচনা ও চিত্রাংকন প্রতিযোগিতার আয়োজন করা হয়েছেঃ

ক) রচনা প্রতিযোগিতাঃ

ক্রমিক	গুপ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	শব্দসীমা
১.	"ক"	পঞ্চম-অষ্টম	ছোটদের বৈশাখী মেলা	১০০০
২.	"খ"	নবম-দ্বাদশ	বাংলা নববর্ষ ও বাঙালি সংস্কৃতি	১২০০
৩.	"গ"	স্নাতক-স্নাতকোত্তর	বাংলা নববর্ষ ও বাঙালির অসাম্প্রদায়িক চেতনা	১৫০০
৪.	"ঘ"	সর্বসাধারণ	বাঙালি জীবনে বাংলা নববর্ষের প্রভাব	১৮০০

খ) চিত্রাংকন প্রতিযোগিতাঃ-

ক্রমিক	গুপ	শ্রেণি	বিষয়
১	গুপ - "ক"	অনুর্ধ্ব - ৭ বছর	উন্মুক্ত
২	গুপ - "খ"	অনুর্ধ্ব - ১২ বছর	বাংলার ঐতিহ্য ও মেলা

রচনা : নওগাঁ জেলা সরকারী গণগ্রন্থাগারে রচনা জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ১৫-০৪-২০১৮ ইং।

চিত্রাংকন প্রতিযোগিতাঃ- নওগাঁ জেলা সরকারি গণগ্রন্থাগারে ১৫-০৪-২০১৮ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

শর্তাবলীঃ- ১. রচনা A4 আকারের সাদা কাগজে স্বহস্তে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।

২. ছাত্র ছাত্রীদের স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের ও অন্যান্যদের প্রথম শ্রেণির কর্মকর্তার প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।

৩. "ঘ" গুপের ক্ষেত্রে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি/প্রথম শ্রেণীর কর্মকর্তার প্রত্যয়নসহ রচনা জমা দিতে হবে।

৪. রচনায় অবশ্যই প্রতিযোগীর নাম, পিতা ও মাতার নাম এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।

৫. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণেচ্ছু প্রত্যেক প্রতিযোগীকে ১২.০৪.২০১৮ তারিখের মধ্যে গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে।

রেজিস্ট্রেশনের সময় জন্ম সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। প্রতিযোগীদের কাগজ/ আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় উপকরণ নিজ দায়িত্বে সজ্জা আনতে হবে।

৬. রচনার শব্দসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচনাযোগ্য হবে না।

(এস এম আশিফ)

লাইব্রেরিয়ান

জেলা সরকারী গণগ্রন্থাগার, নওগাঁ।

ফোন- (০৭৪১) ৮১৪০৬

ই-মেইলঃ naogaondgpl@gmail.com

স্মারক নং-জেসগপ্র/নও/২০১৮/৪৩/

তারিখঃ-০১-০৪-২০১৮ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। জেলা প্রশাসক, নওগাঁ।

২। অতিরিক্ত জেলা প্রশাসক (সাবিক), নওগাঁ।

(এস এম আশিফ)

লাইব্রেরিয়ান

জেলা সরকারী গণগ্রন্থাগার, নওগাঁ।